

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৮৪

আগরতলা, ২৪ জানুয়ারি, ২০২৪

আগামীকাল জাতীয় ভোটার দিবস

সারা দেশের সাথে ত্রিপুরাতেও আগামীকাল ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপন করা হবে। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানটি রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং হলে সকাল ১১ টায় অনুষ্ঠিত হবে। এবারের জাতীয় ভোটার দিবসের ভাবনা হল ‘নাথিং লাইক ভোটিং, আই ভোট ফর শিওর’। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যসচিব জে কে সিনহা। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত থাকবেন স্টেট ইলেকশান কমিশনার শরদিন্দু চৌধুরী, প্রখ্যাত জিমন্যাস্ট দীপা কর্মকার, জাতীয়স্তরের দিব্যাঙ্গন সাঁতারু সমীর বর্মণ এবং তৃতীয় লিঙ্গ মানুষের রাজ্য আইকন নুপুর চক্রবর্তী। এছাড়াও থাকবেন রাজ্য মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল। অনুষ্ঠানে অতিথিগণ নতুন ভোটারদের হাতে ভোটার আইডি কার্ড তুলে দেবেন।

\*\*\*\*\*